

# প্রিপেইড গ্যাস মিটার রিচার্জ করার পদ্ধতি

## স্মার্ট কার্ড রিচার্জ করার পদ্ধতি

### ১ম ধাপ

আপনার স্মার্ট কার্ডটি নিয়ে নিকটস্থ একটি "POS" সেক্টরে চলে আসুন।

### ২য় ধাপ

আপনার স্মার্ট কার্ডটি সেক্টরের প্রতিনিধিকে দিন এবং আপনার চাহিদা অনুযায়ী টাকা রিচার্জের পরিমাণ তাকে বলুন ও সে অনুযায়ী টাকা প্রদান করুন।


### ৩য় ধাপ

"POS" সেক্টরের প্রতিনিধি আপনাকে টাকার রশিদসহ স্মার্ট কার্ডটি রিচার্জ শেষে ফেরত দিবেন।



## কার্ড থেকে মিটার রিচার্জ করার পদ্ধতি

### ১ম ধাপ



"A" বোতামটি পরপর ২ বার ১ সেকেন্ডের একটু বেশি সময় চেপে ধরে ছেড়ে দিন।

### ২য় ধাপ




অনুগ্রহ করে নিশ্চিত হবেন যে, মিটার ডিসপ্লেটে "IN" লেখাটি মিটমিট করে জ্বলছে।

### ৩য় ধাপ

মিটারের ছবিতে দেখানো ( ) জায়গায় আপনার রিচার্জ করা কার্ডটি ধরুন এখন "IN" লেখাটি ডিসপ্লেটে মিটমিট করছে।

### ৪র্থ ধাপ



ডিসপ্লেটে "Card" লেখাটি ভেসে উঠবে। ডিসপ্লেটে "END" না আসা পর্যন্ত কার্ডটি ধরে রাখুন।

### ৫ম ধাপ




"END" লেখাটি ডিসপ্লেটে ভেসে উঠলে বুঝবেন আপনার কার্ড থেকে মিটারে টাকা রিচার্জ সফলভাবে সম্পন্ন হয়েছে। এখন আপনি আপনার ত্রয়কৃত গ্যাস ব্যবহার করতে পারেন।

## ইমার্জেন্সি ব্যালেন্স

গ্যাস ফুরিয়ে গেলে আপনি তাৎক্ষণিকভাবে ২০০/- (দুই শত মাত্র) টাকা মূল্যের গ্যাস ইমার্জেন্সি ব্যালেন্স হিসেবে গ্রহণ করতে পারবেন। ইমার্জেন্সি ব্যালেন্স শেষ হবার পূর্বে মিটারে গ্যাস রিচার্জ করুন। পরপর দুইবার ইমার্জেন্সি ব্যালেন্স নেয়া যাবে না।

### ১ম ধাপ




তাৎক্ষণিকভাবে গ্যাস পেতে "B" বোতামটি ৫ থেকে ৬ সেকেন্ড চেপে ধরুন।

### ২য় ধাপ



ডিসপ্লেটে "EC" লেখাটি ভেসে উঠবে।

### ৩য় ধাপ



এবার "A" বোতামটি একবার চাপুন। এখন আপনার প্রিপেইড মিটারে ইমার্জেন্সি ব্যালেন্সটি সচল হবে। এখন আপনি উক্ত গ্যাস ব্যবহার করতে পারেন।

প্রিপেইড গ্যাস মিটার স্থাপন প্রকল্প



তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।